সংবাদ

22 MAY 2017

.২২. ৩

# সুন্দরগঞ্জে ৬১ স্কুলে প্রধান শিক্ষক নেই

**প্রতিনিধি, সুন্দরগঞ্জ (গাইবান্ধা)**

গাইবান্ধার সুন্দরগঞ্জ উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয় গুলোতে ৬১টি প্রধান শিক্ষকসহ ৮৩ জন শিক্ষকের পদ শূন্য থাকায় মান সম্মত প্রাথমিক শিক্ষা ব্যাহত হচ্ছে।

শিক্ষা অফিস সূত্রে জানায়, উপজেলায় ২৫০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে দীর্ঘদিন থেকে ৬১টি বিদ্যালয়ে প্রধান শিক্ষক ও ২২ জন সহকারী শিক্ষকের পদ শূন্য থাকায় উক্ত প্রাথমিক বিদ্যালয়গুলোতে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিয়ে শিক্ষা কার্যক্রম অব্যাহত রয়েছে। এদিকে প্রধান শিক্ষক না থাকায় ভারপ্রাপ্ত শিক্ষক দিয়ে প্রধান শিক্ষকের কার্যক্রম অব্যাহত থাকায় বিদ্যালয়গুলোতে চেইন অব কমান্ড ভেঙে পড়েছে। প্রতিদিন অফিসিয়াল কাজের জন্য দায়িত্বরত প্রধান শিক্ষককে উপজেলা শহরে আসতে হয়। এতে করে অন্যান্য শিক্ষকরা যথা নিয়মে পাঠদান কার্যক্রম পরিচালনা করতে হিমশিম খাচ্ছেন। এ অবস্থা চলতে থাকলে আসামি দিনে মানসম্মত প্রাথমিক শিক্ষা মারাত্মকভাবে ব্যাহত হবে বলে শিক্ষানুরাগী ব্যক্তিরা মনে করে চরম উৎকণ্ঠায় ভুগছেন। এ উপজেলায় ১'শ ৪০টি সরকারি ও ১১০টি নব-সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এ ব্যাপারে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার আনোয়ারুল ইসলামের সঙ্গে কথা হলে তিনি জানান, শূন্য পদগুলো পূরণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ করা হয়েছে।